

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০২.১৭/৯৯

তারিখ: ১৯ বৈশাখ, ১৪২৪ বঃ
০২ মে, ২০১৭ খ্রিঃ

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৩/২০১৭

বিষয়: T5 Solar LED Tube light নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

Yorker Advanced Technologies, T5 Solar LED Tube light নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছে। আবেদন সংশ্লিষ্ট বিস্তারিত তথ্যাদি নিম্নরূপ:-

(ক) আবেদনকারির পরিচিতি:

আবেদনকারির নাম	Yorker Advanced Technologies
আবেদনকারির ঠিকানা	৮০/৪ (৪র্থ তলা) কাকরাইল ভিআইপি রোড, ঢাকা-১০০০।
টেলিফোন নম্বর	০১৭৬৬-৬৭৩৭৭৭
ই-মেইল ঠিকানা	tai231597@gmail.com

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	T5 Solar LED Tube light
যে ভৌত অবস্থায় (Form)/ প্রকৃতিতে আমদানি করা হবে	Complete LED Tube light
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	চীন
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণিবিন্যাস	৯৪০৫.৪০.৩০

২। আমদানিয় পণ্যের বিবরণ/ ব্যবহার/ উপযোগিতা:

আলোচ্য আবেদনে উল্লেখ আছে, বর্ণিত T5 Solar LED Tube light নামক পণ্যটি ১২ ভোল্ট হওয়ায় শুধু সৌর বিদ্যুৎ দ্বারা পরিচালিত হবে। নমুনা পর্যালোচনায় দেখা যায়, পণ্যের প্যাকেটের গায়ে এবং পণ্যের গায়ে সংযুক্ত স্টিকারে T5 Solar LED Tube light, NT blu-ray, 12V DC, 3W, Model: XM-T5-NT শব্দগুলো লেখা আছে। আলোচ্য পণ্যসমূহ শুধু Solar power দ্বারা চলতে সক্ষম কিনা নিশ্চিত হওয়ার জন্য নমুনা প্রেরণপূর্বক টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেডা), বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মতামত গ্রহণ করা হয়। শ্রেডার মতামতে উল্লেখ আছে, T5 Solar LED Tube light, NT blu-ray, 12V DC, 3W, Model: XM-T5-NT নামক লাইটটি সর্বোচ্চ ৩২ ভোল্ট এবং সর্বনিম্ন ১১ ভোল্ট ডিসি বিদ্যুতে চালানো সম্ভব। লাইটটি ১০ থেকে ১৫ ভোল্ট এসি বিদ্যুতে আংশিক আলো দেয়। কনভার্টার (স্টেপ ডাউন ট্রান্সফরমার ও রেকটিফায়ার) ব্যবহার করে এসি বিদ্যুতে চালানো সম্ভব।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস ও এর পক্ষে যুক্তিসমূহ:

লাইটটি সর্বোচ্চ ৩২ ভোল্ট এবং সর্বনিম্ন ১১ ভোল্ট ডিসি বিদ্যুতে চালানো সম্ভব। লাইটটি ১০ থেকে ১৫ ভোল্ট এসি বিদ্যুতে আংশিক আলো দেয়। কনভার্টার (স্টেপ ডাউন ট্রান্সফরমার ও রেকটিফায়ার) ব্যবহার করে এসি বিদ্যুতে চালানো সম্ভব। অতএব, আলোচ্য পণ্য শুধু Solar power দ্বারা পরিচালিত হওয়ার জন্য বিশেষভাবে তৈরি নয়। উল্লেখ্য যে, LED lamps, bulbs and tubes সমূহ ডিসি ভোল্টেই চলে। বর্ণিত পণ্যের আলোচ্য পণ্যটি General Interpretative Rules (GIR) এর Rule 1 & 6 অনুযায়ী LED lamps, bulbs and tubes without fittings হিসেবে এইচ.এস.কোড ৯৪০৫.৪০.৪২ এ শ্রেণিবিন্যাসযোগ্য হবে।

৪। অগ্রিম রুলিং:

Yorker Advanced Technologies কর্তৃক আমদানিয় T5 Solar LED Tube light, NT blu-ray, 12V DC, 3W, Model: XM-T5-NT নামক পণ্যটি LED Tube Light হিসেবে এইচ.এস.কোড ৯৪০৫.৪০.৪২ এ শ্রেণিবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৫। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৬। আবেদনকারির জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) Yorker Advanced Technologies এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংশ্লিষ্ট হলে Yorker Advanced Technologies রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবর লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-

মোঃ লুৎফর রহমান

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

ও

সদস্য, কাস্টমস নীতি

প্রাপক:


কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/ চট্টগ্রাম/ বেনাপোল/ আইসিডি/ মংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০২.১৭/৯৯

তারিখ: ১৯ বৈশাখ, ১৪২৪ বঃ
০২ মে, ২০১৭ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।
- ১৭-২১। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ শুদ্ধ রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর/ মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ২২-২৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।
- ২৪। কমিশনার, শুদ্ধ মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২৭। পরিচালক, Yorker Advanced Technologies, ৮০/৪ (৪র্থ তলা) কাকরাইল ভিআইপি রোড, ঢাকা-১০০০।
- ২৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড। [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ২৯। অফিস কপি/ গার্ড নথি।


০২.০৫.১৭

মোঃ শরফুদ্দিন মিয়া

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ও

দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্রাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ই-মেইল: sharfuddin009nbn@gmail.com